

কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : মাইনর ২.১

বিষয় : বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

বিভাগ - ক

(যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও)

২×৭.৫ = ১৫

১। টীকা লেখো (যেকোনো তিনটি) :

৩×২.৫ = ৭.৫

(ক) 'সহমরণ বিষয়ক প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ'

(খ) উইলিয়াম কেরী

(গ) 'আলালের ঘরের দুলাল'

(ঘ) 'বীরঙ্গনা'

(ঙ) নাট্যানিয়ন্ত্রণ আইন

২। ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের লেখা যে কোন দুটি গদ্য রচনা সম্পর্কে সংক্ষেপে লেখো।
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা বাংলা বিতর্কের গদ্য কীভাবে সমকালীন সমাজ-সংস্কারে প্রভাব ফেলেছিল সে বিষয়ে
তোমার মতটি স্পষ্ট করো।

২.৫+৫ = ৭.৫

৩। উনিশ শতকের বাংলা নকশার সাধারণ বৈশিষ্ট্যগুলি কী কী? বাংলা নকশার ইতিহাসে কালীপ্রসন্ন সিংহের ভূমিকা ঠিক
কতটা গুরুত্বপূর্ণ বলে তোমার মনে হয়?

৩+৪.৫ = ৭.৫

অথবা

৪। বাংলা উপন্যাসের যথার্থ সূচনাকারী হিসেবে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিষয়ে তোমার মতামত প্রকাশ করো। তাঁর
রচিত যেকোন তিনটি ইতিহাস-আশ্রিত উপন্যাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪.৫+৩ = ৭.৫

৫। উনিশ শতকের নাট্যচর্চার ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

৭.৫

বিভাগ - খ

(যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও)

২×৭.৫ = ১৫

৬। বঙ্গভঙ্গ প্রতিরোধ আন্দোলনের পটভূমিতে রবীন্দ্রনাথের যে স্বদেশভাবনার প্রকাশ ঘটেছে তাঁর সমসাময়িক সাহিত্যচর্চার
মধ্যে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৭.৫

৭। বিশ শতকের শুরু থেকেই বঙ্গভঙ্গকে কেন্দ্র করে বাংলায় যে জাতীয়তাবাদের উন্মেষ ঘটছিল, সমকালীন সাহিত্যে তার
প্রকাশ কেমনভাবে ঘটেছিল উদাহরণ দিয়ে তার স্বরূপ বিশ্লেষণ করো।

৭.৫

৮। দ্বিতীয় বিশ্বযুদ্ধপরবর্তী বাংলার মন্বন্তর এবং বস্ত্রসংকটের সমস্যা মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখনীতে যেভাবে উঠে এসেছে,
তা তোমার পাঠ্য তিনটি গল্প অবলম্বনে আলোচনা করো।

৭.৫

৯। 'ওয়ার-লিটারেচার' বা 'যুদ্ধ-সাহিত্য' বলতে কী বোঝ? যুদ্ধ মানুষের প্রাত্যহিক জীবন-জীবিকা, মূল্যবোধ, নীতিবোধ,
মানব সম্পর্কে বিপর্যস্ত করে দেয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধকে কেন্দ্র করে লেখা তোমার যে কোন তিনটি গল্পের দৃষ্টান্তসহ বিষয়টি
বুঝিয়ে দাও।

২+৫.৫ = ৭.৫

★ ★ ★